# বাংলাদেশ কৃষি ব্যাংক
# প্রধান কার্যালয়, ঢাকা।



# ত্রৈমাসিক বুলেটিন
## মার্চ, ২০২৩



গবেষণা ও পরিসংখ্যান বিভাগ

বাংলাদেশ কৃষি ব্যাংকের নির্বাহী কমিটির ২৪/০৮/২০২২ তারিখে অনুষ্ঠিত ১২৭তম সভার সিদ্ধান্ত, "... ব্যবসায়িক খাতের অর্জনসমূহ সংকলনপূর্বক গবেষণা ও পরিসংখ্যান বিভাগ কর্তৃক ... প্রতি ত্রৈমাস অন্তে নিয়মিতভাবে এতদবিষয়ক বুলেটিন মুদ্রণপূর্বক সকল শাখা ও কার্যালয়ে বিতরণ নিশ্চিত করতে হবে" মোতাবেক তৃতীয় বারের মত মার্চ' ২০২৩ ভিত্তিক ত্রৈমাসিক বুলেটিন প্রকাশ করা হলো।

## প্রধান পৃষ্ঠপোষক ঃ

১। মোঃ নাসিরুজ্জামান
চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ, বাংলাদেশ কৃষি ব্যাংক।

২। মোঃ শওকত আলী খান
ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কৃষি ব্যাংক।

## সম্পাদকীয় প্যানেল ঃ

১। মোহাম্মদ আহাদ খান
উপমহাব্যবস্থাপক

২। নূর মোহাম্মদ মোল্লা
সহকারী মহাব্যবস্থাপক

৩। মোছাঃ মোহসিনা ফেরদৌসী
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

৪। রিপা রানী দাস
মুখ্য কর্মকর্তা

৫। মোঃ ইয়াহিয়া শেখ
উর্ধ্বতন কর্মকর্তা

মার্চ' ২০২৩ ভিত্তিক ত্রৈমাসিক বুলেটিনটিতে ব্যাংকের গুরুত্বপূর্ণ লক্ষ্যমাত্রা, আমানত পরিস্থিতি, সিএমএসএমই খাতে নারী উদ্যোক্তা অর্থায়ন, পুনঃতফসিলিকৃত ঋণ আদায় সংক্রান্ত তথ্য সংকলনপূর্বক মুদ্রণ করা হলো। বুলেটিনটি প্রণয়নে তথ্য সরবরাহ করে সহযোগিতার জন্য ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ, ক্রেডিট বিভাগ, ঋণ আদায় বিভাগ এবং ফরেন রেমিট্যান্স বিভাগ এর প্রতি সম্পাদকীয় প্যানেলের পক্ষ হতে কৃতজ্ঞতা প্রকাশ করা হলো।

# বাংলাদেশ কৃষি ব্যাংকের বর্তমান আমানত পরিস্থিতি

ব্যাংকের আর্থিক স্বচ্ছলতা আনয়ন ও মজবুত তহবিল গঠনের প্রধান অবলম্বনই হচ্ছে আমানত। আমানত ব্যাংকের বিনিয়োগসহ যাবতীয় কর্মকান্ড পরিচালনায় গতির সঞ্চার করে থাকে বিধায় ব্যাংকের বিনিয়োগ কার্যক্রমের স্বাভাবিক গতিধারা অব্যাহত রাখার জন্য আমানত সংগ্রহ অপরিহার্য। তাই কম সুদবাহী আমানত সংগ্রহপূর্বক ইহা সুপরিকল্পিতভাবে লাভজনক খাতে বিনিয়োগের মাধ্যমে দায়কে সম্পদে পরিণত করে ব্যাংককে আর্থিকভাবে কার্যকর করাসহ মুনাফা অর্জন নিশ্চিত করতে হবে, যা ব্যাংকের মূল লক্ষ্য।

**টেবিল-১ঃ আমানত সংগ্রহ** **(কোটি টাকায়)**

| বিবরণ | ২০২০-২০২১ | ২০২১-২০২২ | ২০২২-২০২৩ | ২০২৩-২০২৪ | ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|
| আমানত স্থিতি | ৩৩,১১৪.৩২ | ৩৮,২৩১.৩১ | ৪১,২৮৯.৮১ | ৪৪,৫৯৩.০০ | ৪৮,১৬০.৪৪ |
| আমানত বৃদ্ধি | ৫,৪১৮.৯৯ | ৫,১১৬.৯৯ | ৩,২০৩.৬৫ | ৩,৩০৩.১৯ | ৩,৫৬৭.৪৪ |
| আমানতের প্রবৃদ্ধি | ১৬% | ১৫.৪৫% | ৮% | ৮% | ৮% |
| আমানতের সংখ্যা | ৯,২৭৪,৩৫৩ | ৯,৪৯১,২২৫ | ৯,৮৭০,৮৭৪ | ১০,৪৬৩,১২৬ | ১১,১৯৫,৫৪৫ |
| আমানতের সংখ্যা বৃদ্ধি | ৪০৫,৪৯৩ | ২১৬,৮৭২ | ৩৭৯,৬৪৯ | ৫৯২,২৫২ | ৭৩২,৪১৯ |
| আমানতের সংখ্যা প্রবৃদ্ধি | ৫% | ২% | ৪% | ৬% | ৭% |


বিগত বছরের সাথে আমানতের পরিমাণ ও সংখ্যার বৃদ্ধি বিশ্লেষণপূর্বক ১নং টেবিলে সন্নিবেশ করা হয়েছে যেখানে দেখা যাচ্ছে অতিমারী করোনাকালীন সময়ে বিনিয়োগ কম ছিল বিধায় আমানতের সর্বোচ্চ পরিমাণ ১৬% প্রবৃদ্ধি হয়েছে। তবে পরবর্তী বছরগুলোতে আমানতের প্রবৃদ্ধি ৮% ধরে প্রাক্কলন করা হয়েছে যা সঠিক পরিকল্পনার মাধ্যমে অর্জন করা সম্ভব। আগামী বছরগুলোতে আমানতের প্রবৃদ্ধি অব্যাহত রাখা হলে ২০২৪-২৫ অর্থ বছরের আমানত স্থিতি ৪৮,১৬০.৪৪ কোটি টাকা হবে। এছাড়া, বিগত বছরের আমানত মিশ্রণ (Deposit Mix) বিশ্লেষণ করলে লক্ষ্য করা যায়, বাংলাদেশ কৃষি ব্যাংক উচ্চ সুদবাহী প্রাতিষ্ঠানিক মেয়াদি আমানতের উপর নির্ভরশীল যে কারণে নিট সুদ আয়ের পরিমাণ ঋণাত্মক। ২নং টেবিল হতে দেখা যায় স্বল্প সুদবাহী ও উচ্চ সুদবাহী আমানতের অনুপাত প্রায় ৩০ঃ৭০ যেখানে আদর্শ আমানত মিশ্রণ (৬০ঃ৪০) এর প্রায় উল্টো অবস্থা বিরাজমান।

**টেবিল-২ঃ আমানত মিশ্রণ** **(কোটি টাকায়)**

| বিবরণ | | ২০২০-২০২১ | ২০২১-২০২২ | ২০২২-২০২৩ | ২০২৩-২০২৪ | ২০২৪-২০২৫ (প্রক্ষেপিত) |
|---|---|---|---|---|---|---|
| স্বল্প সুদবাহী | আমানত | ১০,৪০৬.০৮ | ১১,৬৪৮.৩৯ | ১৫,২৮৯.৮১ | ২২,০৯৩.০০ | ২৮,৬৬০.৪৪ |
| | শতকরা | ৩২% | ৩১% | ৩৭% | ৫০% | ৬০% |
| উচ্চ সুদবাহী | আমানত | ২২,৭০৮.২৪ | ২৬,৫৮২.৯২ | ২৬,০০০.০০ | ২২,৫০০.০০ | ১৯,৫০০.০০ |
| | শতকরা | ৬৮% | ৬৯% | ৬৩% | ৫০% | ৪০% |
| সর্বমোট আমানত | | ৩২,৯৯৯.২৪ | ৩৮,০৮৬.১৬ | ৪১,২৮৯.৮১ | ৪৪,৫৯৩.০০ | ৪৮,১৬০.৪৪ |

আগামী বছরগুলোতে ধীরে ধীরে উচ্চ সুদবাহী প্রাতিষ্ঠানিক মেয়াদি আমানতের উপর নির্ভরশীলতা কমাতে সুদবিহীন ও স্বল্প সুদবাহী আমানত যেমন চলতি, তলবি এবং সঞ্চয়ী হিসাবের উপর অধিকতর গুরুত্ব দেয়া হয়েছে। ফলে আদর্শ আমানত মিশ্রণ (৬০ঃ৪০) প্রতিষ্ঠা করে প্রত্যাশিত নিট সুদ আয় অর্জন করা সম্ভব হবে।

বিগত বছরে স্বল্প সুদবাহী আমানতের আওতায় এসএনডি ও সঞ্চয়ী আমানত বৃদ্ধি পেলেও চলতি আমানত হ্রাস পেয়েছে। জনবল ঘাটতি অর্থাৎ ক্যাশিয়ার সংকট, অবকাঠামোগত সীমাবদ্ধতা যেমন কাউন্টিং মেশিন, নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ ও অনলাইন সেবা ইত্যাদির অভাবে নগদ লেনদেনের সময় ব্যবসায়ীরা প্রত্যাশিত সেবা পায়না বলে চলতি হিসাবে আমানত কমে যাচ্ছে। তবে সম্প্রতি বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক সকল প্রকার ইলেক্ট্রনিক লেনদেন অর্থাৎ Online, BEFTN ও RTGS সম্পূর্ণ চার্জ মুক্ত করার কারণে গ্রাহক বাড়ছে।



**চিত্র-১ঃ পরিকল্পনার ২বছরে আমানত মিশ্রণ**

২নং টেবিলের আলোকে আগামী বছরগুলোতে সুদ বিহীন, স্বল্প সুদবাহী ও উচ্চ সুদবাহী আমানত সংগ্রহ করে আমানত মিশ্রণে গুণগত পরিবর্তন এনে স্থিতিশীল আমানতের ভিত্তি গড়ে তোলার প্রচেষ্টা গ্রহণ করতে হবে। আগামী ২০২৪-২৫ অর্থ বছরে সুদ বিহীন, স্বল্প সুদবাহী ও উচ্চ সুদবাহী আমানতের আনুমানিক শতকরা পরিমাণ ১নং চিত্রে উল্লেখ করা হয়েছে। বাংলাদেশ কৃষি ব্যাংকের আমানতের পরিমাণ ৩৮,২০১.০০ কোটি টাকা যার মধ্যে উচ্চ সুদবাহী আমানতের পরিমাণ ৬৯.২১ শতাংশ। উচ্চ সুদবাহী আমানতের কারণে ব্যাংকের পরিচালন মুনাফা অর্জন করতে ব্যর্থ হচ্ছে। এ প্রেক্ষিতে, আগামী দুই বছরে বড় অংকের উচ্চ সুদবাহী আমানতসমূহ মেয়াদান্তে নবায়ন না করে উচ্চ সুদবাহী আমানত মোট আমানতের ৪০ শতাংশে নামিয়ে আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

মোঃ আল মামুন, সহকারী মহাব্যবস্থাপক, ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ।

# সিএমএসএমই খাতে নারী উদ্যোক্তা অর্থায়ন

টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্যে অর্থনীতির মূল স্রোতে নারীদের অংশগ্রহণ একান্তভাবেই অপরিহার্য। নারী সমাজকে দেশের অর্থনৈতিক উন্নয়নের কেন্দ্রবিন্দুতে সম্পৃক্ত করা এবং সফল ও স্বাবলম্বী নারী উদ্যোক্তা শ্রেণি সৃষ্টির লক্ষ্যে বাংলাদেশ কৃষি ব্যাংক কাজ করে যাচ্ছে। প্রাতিষ্ঠানিক অর্থনৈতিক খাতে নারীদের অংশগ্রহণের বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনায় নিয়ে অত্র ব্যাংক কর্তৃক কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্পে নারী উদ্যোক্তা খাতে ঋণ প্রবাহ বৃদ্ধির উদ্যোগ নেয়া হয়েছে।

সিএমএসএমই খাতে নারী উদ্যোক্তা অর্থায়ন উন্নয়নে গৃহীত পদক্ষেপসমূহ নিম্নরূপ ঃ

- বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক আগামী ২০২৪ সালে নারী উদ্যোক্তা খাতে ঋণ স্থিতি হতে হবে ব্যাংকের সিএমএসএমই খাতের মোট ঋণ ও অগ্রিম স্থিতির ন্যূনতম ১৫%। সে লক্ষ্যকে সামনে নিয়ে সিএমএসএমই খাতে মোট বিতরণ লক্ষ্যমাত্রার ১৫% নারী উদ্যোক্তাদের জন্য বরাদ্দ রেখে শাখা ভিত্তিক আলাদা বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ;
- ব্যাংকের প্রতিটি শাখায় নারী উদ্যোক্তাদের প্রয়োজনীয় সহায়তা ও পরামর্শ প্রদানের জন্য Women Entrepreneur's Dedicated Desk' স্থাপনপূর্বক একজন নারী কর্মকর্তা নিয়োগ দেয়া হয়েছে। এছাড়াও প্রধান কার্যালয়সহ বিভিন্ন নিয়ন্ত্রণকারী কার্যালয়ে 'নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট' নারী উদ্যোক্তাদের জন্য বিশেষ পরামর্শ ও সেবা কেন্দ্র হিসাবে কাজ করছে ;
- স্থাপিত ডেস্কের মাধ্যমে প্রতিটি শাখা কর্তৃক কমপক্ষে ২৫ জন যোগ্য ও প্রতিশ্রুতিশীল নারী উদ্যোক্তা খুঁজে বের করে তন্মধ্যে অন্তত ১৫ (পনের) জন সম্ভাবনাময় নারী উদ্যোক্তাকে অর্থায়ন হয় ;
- নারী উদ্যোক্তাদের ঋণ আবেদনপত্র সর্বোচ্চ অগ্রাধিকার ভিত্তিতে গ্রহণ ও নিষ্পত্তি করা হয় ;
- নারী উদ্যোক্তাদের অনুকূলে কুটির, মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোগের ক্ষেত্রে সহজ শর্তে (প্রকল্প/ব্যবসা এলাকার স্থায়ী বাসিন্দা না হলেও ) জমি, বিল্ডিং প্রভৃতি স্থাবর সম্পত্তি জামানত/সহায়ক জামানত ব্যতিরেকে ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ প্রদান হয় ;
- স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় শুধুমাত্র নারী উদ্যোক্তাদের প্রচলিত সুদহার অপেক্ষা হ্রাসকৃত সুদ হারে (৫%) অর্থায়ন করা হয় এবং উক্ত স্কিমের আওতায় গৃহীত ঋণ যথাযথভাবে ও নির্ধারিত সময়ে পরিশোধ/সমন্বয় করার জন্য বাংলাদেশ ব্যাংক থেকে বর্ণিত গ্রাহকগণকে ১(এক) শতাংশ হারে ইনসেনটিভ প্রদান করা হয় ;
- এসএমই ঋণের জন্য অনুমোদিত সকল খাতে নারী উদ্যোক্তাদের অর্থায়ন করা যাবে ;
- বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক একইরূপ পণ্য বা সেবা উৎপাদনকারী প্রতিষ্ঠান চিহ্নিত করে নারী উদ্যোক্তাদের ক্লাস্টারভিত্তিক খাতেও অর্থায়ন করা হয়।

## ২০২২-২০২৩ অর্থ-বছরে সিএমএসএমই খাতে নারী উদ্যোক্তাদের ঋণ সংক্রান্ত তথ্য (৩১-০৩-২০২৩ ভিত্তিক) ঃ

(কোটি টাকায়)

| ক্রঃ নং | বিভাগের নাম | লক্ষ্যমাত্রা | অর্জন | | | নারী উদ্যোক্তা খাতে ঋণ আদায় | নারী উদ্যোক্তা খাতে অনাদায়ী স্থিতি |
|---|---|---|---|---|---|---|---|
| | | | উদ্যোক্তার সংখ্যা | ঋণ বিতরণের পরিমাণ | অর্জনের হার | | |
| ০১ | ঢাকা | ১৯২.০০ | ২৬০ | ২০.২২ | ১১% | ১.০৬ | ২৭.৭৮ |
| ০২ | ময়মনসিংহ | ৭৭.২৫ | ৩৭৩ | ১৮.৫৭ | ২৪% | ৭.৯৩ | ২৪.৯১ |
| ০৩ | চট্টগ্রাম | ৭০.৫০ | ১৫৪ | ৬.০০ | ৯% | ২.১৭ | ১১.৬৫ |
| ০৪ | খুলনা | ৮৬.২৫ | ১১৫ | ৫.২০ | ৬% | ১.৮৯ | ৬.৩১ |
| ০৫ | বরিশাল | ২১.০০ | ১৮৫ | ৫.৫০ | ২৬% | ১.৭৫ | ৭.৫১ |
| ০৬ | সিলেট | ৪৪.২৫ | ৭১ | ৬.৬২ | ১৫% | ০.৯০ | ১১.৯৬ |
| ০৭ | কুমিল্লা | ১১১.০০ | ১০২ | ৪.৫৩ | ৪% | ১.৪০ | ৯.৭৮ |
| ০৮ | ফরিদপুর | ৭৮.৭৫ | ১২৮ | ৪.৪৩ | ৬% | ২.১১ | ৮.৪৮ |
| ০৯ | কুষ্টিয়া | ৫৪.০০ | ১৫৬ | ৮.৫৮ | ১৬% | ১০.২৪ | ২২.১৭ |
| ১০ | এলপিও | ১৫.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | মোট ঃ | ***৭৫০.০০*** | ***১৫৪৪*** | ***৭৯.৬৬*** | ***১১%*** | ***২৯.৪৮*** | ***১৩০.৫৫*** |


## ঋণ পুনঃতফসিলিকরণ এবং পুনঃতফসিলিকৃত ঋণ আদায়

কোভিড-১৯ এর (দীর্ঘ মেয়াদি) নেতিবাচক প্রভাব, বহির্বিশ্বে সাম্প্রতিক যুদ্ধাবস্থা প্রলম্বিত হওয়ার কারণে উদ্ভূত বৈশ্বিক অর্থনৈতিক অস্থিতিশীলতা এবং নতুন ভাবে কোভিড-১৯ এর সংক্রমণ বৃদ্ধি পাওয়ায় আর্থিক খাতে স্থিতিশীলতা বজায় রাখা ও শ্রেণিকৃত ঋণের সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে বাংলাদেশ ব্যাংক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ এর ১৮ জুলাই ২০২২ তারিখের বিআরপিডি সার্কুলার নং-১৬ এর মাধ্যমে ঋণ পুনঃতফসিলিকরণ সংক্রান্ত নীতিমালা জারী করেছে যা ০৪ আগস্ট ২০২২ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৮১২ তম সভায় উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক নীতিমালাটি ব্যাংকের মাঠ পর্যায়ে অনুসরণের অনুমোদন করা হয়। অনুমোদিত নীতিমালাটি ব্যাংকের ক্রেডিট বিভাগ কর্তৃক ২৩ আগস্ট ২০২২ তারিখের সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেবিঃ/৩(৭)/২০২২-২০২৩/৪৯৪(১২৫০) এর মাধ্যমে অনুসরণের জন্য মাঠ পর্যায়ে জারি করা হয়।

বাংলাদেশ কৃষি ব্যাংকের ব্যবসায়িক খাতের মধ্যে ঋণ আদায় গুরুত্বপূর্ণ। এক্ষেত্রে পুনঃতফসিলিকৃত ঋণসমূহের অধিকাংশ ঋণ বর্তমানে UC হলেও এই ঋণগুলি দীর্ঘ দিনের পুরাতন বিধায় মূলত শ্রেণিকৃত ঋণের পর্যায়ভুক্ত। এ কারণে অনাদায়ী পুনঃতফসিলিকৃত ঋণসমূহ হতে আদায়ের লক্ষ্যমাত্রা ৩৫০০.০০ কোটি টাকা নির্ধারণ করা হয়। বিআরপিডি সার্কুলার নং-০৫, তারিখ ১৬-০৫-২০১৯ এর আওতায় সুবিধাপ্রাপ্ত ঋণগ্রহীতাগণের নিকট হতে পুনঃতফসিলিকৃত ঋণসমূহের কিস্তি নিয়মিত আদায় নিশ্চিত করার জন্য সর্বাত্মক পদক্ষেপ গ্রহণ করা। পুনঃতফসিলিকৃত ঋণগুলো যাতে পুনরায় শ্রেণিকৃত ঋণে পরিণত না হয় সে লক্ষ্যে আদায়সূচি অনুযায়ী সকল আদায়যোগ্য পাওনা/দেয় কিস্তিসমূহ নির্ধারিত সময়ের মধ্যেই আদায় নিশ্চিত করা। বিগত কয়েক ত্রৈমাসে পুনঃতফসিলিকৃত ঋণ হতে আদায়ের তুলনামূলক চিত্র উল্লেখ করা হলো ঃ

পুনঃতফসিলিকৃত ঋণ হতে আদায়ঃ (কোটি টাকা)

| প্রতিবেদনাধীন ত্রৈমাস | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভূত অর্জন |
|---|---|---|---|
| জুন'২১ | ২০০০.০০ | ৩৬৪.৬১ | ৯০২.২০ |
| সেপ্টেঃ'২১ | ২০০০.০০ | ১০৭.৯১ | ১০৭.৯১ |
| ডিসেঃ'২১ | ২০০০.০০ | ৪১৪.০৪ | ৫২১.৯৫ |
| মার্চ'২২ | ২০০০.০০ | ৩০৮.৭৭ | ৮৩০.৭২ |
| জুন'২২ | ২২০০.০০ | ৬১৬.১০ | ১৪৪৬.৮২ |
| সেপ্টেঃ'২২ | ৩৫০০.০০ | ১৯০.৯৭ | ১৯০.৯৭ |
| ডিসেঃ'২২ | ৩৫০০.০০ | ৪৫৩.১৬ | ৬৪৪.১৩ |
| মার্চ'২৩ | ৩৫০০.০০ | ৪৪৫.৯৯ | ১০৯০.১২ |




২০২২-২০২৩ অর্থবছরে মার্চ ত্রৈমাস শেষে পুনঃতফসিলিকৃত ঋণ আদায়ের বার্ষিক লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন হয়েছে ৩১% এবং পুনঃতফসিলিকৃত ঋণ আদায়ের অর্জন গত অর্থবছরে একই সময় হতে ১৩৭.২৯ কোটি টাকা বেশি ।

# স্মার্ট বাংলাদেশের পথে বাংলাদেশ কৃষি ব্যাংকের স্মার্ট হয়ে উঠার গল্প

## API ভিত্তিক রেমিট্যান্স পেমেন্ট প্রক্রিয়া চালুকরনঃ

রেমিট্যান্সের প্রতিযোগিতামূলক বাজারে টিকে থাকার লক্ষ্যে ২০১৯ সালে আইসিটি অপারেশ বিভাগের সহায়তায় ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগ মানিগ্রামের API ভিত্তিক পেমেন্ট সিস্টেম চালু করে। পর্যায়ক্রমে আরও ২১টি কোম্পানীর API ভিত্তিক পেমেন্ট প্রক্রিয়া চালু হয়েছে। এই প্রক্রিয়ায় একই পোর্টাল থেকে উল্লিখিত কোম্পানীগুলোর পেমেন্ট ও প্রণোদনা প্রদান করা হচ্ছে এতে করে শাখা পর্যায়ে রেমিট্যান্স প্রদান সহজতর হয়েছে এবং দ্রুততম সময়ের মধ্যে গ্রাহক সেবা প্রদান করা সম্ভব হচ্ছে। ফলে গ্রাহক সন্তুষ্টি বৃদ্ধি পাচ্ছে এবং বাংলাদেশ কৃষি ব্যাংক সম্পর্কে ইতিবাচক মনোভাব তৈরি হচ্ছে। পাশাপাশি সম্প্রতি API ভিত্তিক কোম্পানীগুলোর জন্য একাউন্ট ডিপোজিট রেমিট্যান্স এর অটো ক্রেডিট সেবাটি চালু হয়েছে। এর ফলে API ভুক্ত কোম্পানীগুলোর একাউন্ট ডিপোজিট রেমিট্যান্স তাৎক্ষনিক ভাবে প্রণোদনা সহ গ্রাহকের হিসাবে জমা হচ্ছে। যা বাংলাদেশ কৃষি ব্যাংককে স্মার্ট হয়ে ওঠার দিকে আরও একধাপ এগিয়ে নিয়ে গেছে।

মোঃ তানভীর আহমেদ, সহকারী মহাব্যবস্থাপক, ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগ।

## সিআইবি ডাটাবেইজ হালনাগাদকরণ পোর্টালঃ

বাংলাদেশ কৃষি ব্যাংক প্রান্তিক পর্যায়ে বিস্তৃত ১০৩৮টি শাখার মাধ্যমে সংখ্যা বিবেচনায় বাংলাদেশের ব্যাংকিং সেক্টরে সর্বোচ্চ সংখ্যক ঋণ বিতরণ করে থাকে। বাংলাদেশ ব্যাংক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো এর ২৬ এপ্রিল ২০১৮ তারিখের সিআইবি সার্কুলার নং-০১/২০১৮ অনুযায়ী ০১(এক) টাকা বা তদুর্ধ্ব বকেয়া স্থিতিসম্পন্ন সকল ঋণের তথ্য সিআইবি অনলাইন সিস্টেমে আপলোড করতে হবে। ইতোপূর্বে সিআইবি ডাটাবেইজ হালনাগাদ করণের জন্য শাখা কর্তৃক ডাটাবেইজকৃত সকল ঋণের তথ্যের হার্ডকপি মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে ডাক/কুরিয়ার যোগে প্রধান কার্যালয়ের গবেষণা ও পরিসংখ্যান বিভাগে প্রেরণ করা হতো। শাখা হতে উক্ত প্রস্তাব সাধারণত দুই থেকে পাঁচ কর্মদিবস পরে প্রধান কার্যালয়ে পৌঁছাতো এবং প্রাপ্ত হার্ডকপি ম্যানুয়েলি হালনাগাদ করার জন্য ডাটাবেইজকৃত সকল ঋণের তথ্য যাচাই করে Microsoft Visual FoxPro Table এ এন্ট্রি দিতে হতো; ফলে হালনাগাদকরণে দীর্ঘসূত্রিতা ও গ্রাহক ভোগান্তির ক্ষেত্র সৃষ্টি হতো। বিষয়টি নিরসনে গবেষণা ও পরিসংখ্যান বিভাগের ডিজাইন ও তদারকীতে আইসিটি অপারেশন বিভাগের নিজস্ব প্রোগ্রামারগণের মাধ্যমে একটি ওয়েব পোর্টাল ডেভেলপ করে ৩১ আগস্ট ২০২২ তারিখে চালু করা হয়েছে। উক্ত ওয়েব পোর্টালের মাধ্যমে শাখা তাদের সিআইবি ডাটাবেইজকৃত ঋণগ্রহীতাগণের প্রয়োজনীয় তথ্য দেখার পাশাপাশি সংশ্লিষ্ট ঋণ হিসাবের তথ্য আপডেট করতে পারে; ফলশ্রুতিতে সিআইবি ডাটাবেইজ হালনাগাদকরণ ওয়েব পোর্টালটি ব্যবহার করে ঋণ হিসাব বন্ধ, নবায়ন, পুনঃতফসিলিকরণ, স্থিতি পরিবর্তন ইত্যাদি তাৎক্ষণিক পোর্টালে পরিবর্তনপূর্বক ঋণগ্রহীতাগণকে তড়িৎসেবা প্রদানের মাধ্যমে বাংলাদেশ কৃষি ব্যাংক আরো একধাপ এগিয়ে যায় স্মার্ট বাংলাদেশের পথে। বর্তমানে শাখা সমূহ সিআইবি ডাটাবেইজ হালনাগাদকরণ সঠিক ভাবে ও দ্রুততার সাথে সম্পাদন করছে। ওয়েব পোর্টালটি চালু হওয়ায় সময়, প্রিন্টিং ও কুরিয়ার খরচ সাশ্রয়ের পাশাপাশি তথ্যের সঠিকতা রক্ষা করা সম্ভব হচ্ছে।

নূর মোহাম্মদ মোল্লা, সহকারী মহাব্যবস্থাপক, গবেষণা ও পরিসংখ্যান বিভাগ।

---

বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণ ব্যাংকের সার্বিক উন্নয়নের জন্য নিবেদিত।
নতুন কোন চিন্তা যা ব্যাংকের কার্যক্রমকে সহজিকরণ ও আধুনিকায়নের মাধ্যমে আরো স্মার্ট করবে;
ই-মেইলের মাধ্যমে অবহিত করলে গবেষণা ও পরিসংখ্যান বিভাগ তা যাচাইপূর্বক উদ্যোগ গ্রহণ করবে।



ওয়ার্ল্ড কনফারেন্স সিরিজ ২০২৩ এ রেমিট্যান্স Appreciation Award 2023 গ্রহণ করেন বাংলাদেশ কৃষি ব্যাংকের মাননীয় ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আব্দুল জব্বার ।



২১শে ফেব্রুয়ারি মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে বাংলাদেশ কৃষি ব্যাংকের প্রধান কার্যালয় প্রাঙ্গণে পতাকা অর্ধনমন শেষে মোনাজাত।



০৬ মার্চ, ২০২৩ তারিখে বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনা পর্ষদের ৮২৭ তম সভায় ২০২১-২২ অর্থ বছরের স্থিতিপত্র স্বাক্ষরিত হয়।



বাংলাদেশ কৃষি ব্যাংক প্রধান কার্যালয়ে কেক কেটে আন্তর্জাতিক নারী দিবস- ২০২৩ উদযাপন।



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে বাংলাদেশ কৃষি ব্যাংকের প্রধান কার্যালয়ে আয়োজিত চিত্রাঙ্কন প্রতিযোগিতায় পুরস্কার বিতরণ ।



মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৩ উদযাপন উপলক্ষ্যে সূর্যোদয়ের সময় বাংলাদেশ কৃষি ব্যাংক প্রধান কার্যালয় প্রাঙ্গণে জাতীয় পতাকা উত্তোলন।

# বাংলাদেশ কৃষি ব্যাংক

# Bangladesh Krishi Bank

গণমানুষের ব্যাংক

রাষ্ট্রীয় মালিকানাধীন সর্ববৃহৎ বিশেষায়িত ব্যাংক